অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রচেস্টারে 2023 PGA চ্যাম্পিয়নশিপকে স্বাগত জানালেন

2023 টুর্নামেন্টটি নিউ ইয়র্কের ফিঙ্গার লেকস অঞ্চলের চতুর্থ PGA চ্যাম্পিয়নশিপ

বিশ্ববিখ্যাত ক্রীড়া ইভেন্টটি 225,000 এর বেশি দর্শক আকৃষ্ট করবে বলে আশা করা যাচ্ছে, ফিঙ্গার লেকস অঞ্চলে মুখ্য অর্থনৈতিক উত্থান আনবে

টেস্ট NY এবং আই লাভ NY এর উপস্থাপিত নিউ ইয়র্ক স্টেটের স্বাদের উঠান পুরো সপ্তাহজুড়ে স্থানীয়ভাবে তৈরি পণ্য এবং পর্যটনের সুযোগসমূহ প্রদর্শন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে রচেস্টারের ওক হিল কান্ট্রি ক্লাবে (Oak Hill Country Club) 2023 PGA চ্যাম্পিয়নশিপের (PGA Championship) গলফার এবং দর্শকদের স্বাগত জানালেন, টুর্নামেন্টটি 18 মে, বৃহস্পতিবার শুরু হবে। এক সপ্তাহ দীর্ঘ ইভেন্টটি আনুমানিক 190 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ, পরোক্ষ এবং প্ররোচিত অর্থনৈতিক প্রভাব আনবে বলে অনুমান করা যাচ্ছে, এবং 225,000 এর বেশি দর্শক উপস্থিত হবে বলে আশা করা যাচ্ছে। এটি একটি নাটকীয় অর্থনৈতিক ঢেউয়ের প্রভাব নিয়ে আসবে, যেহেতু দর্শকরা এই অঞ্চলে খাওয়াদাওয়া করবে এবং থাকবে, তারা স্থানীয় ব্যবসাকে সমর্থন করবে এবং ফিঙ্গার লেকসে যা যা আছে তা ঘুরে দেখবে। এই নিয়ে চতুর্থবারের মতো ওক হিল PGA চ্যাম্পিয়নশিপ আয়োজন করবে; শেষবার 2013 সালে এখানে টুর্নামেন্টটি আয়োজিত হয়েছিলো।

"PGA চ্যাম্পিয়নশিপ হলো আমাদের দেশের প্রধানতম ক্রীড়া ইভেন্টগুলির একটি, এখানে বিশ্বের সর্বাধিক প্রতিভাবান, সর্বাধিক প্রতিযোগী গলফারদের উদযাপন করা হয়, এবং এই বছরের টুর্নামেন্টটি দিয়ে নিউ ইয়র্ক স্টেটের সাথে এর দীর্ঘদিনের ইতিহাস অব্যাহত রাখতে পেরে আমরা আনন্দিত," **গভর্নর হোকল বলেন।** "বিশ্ববিখ্যাত ক্রীড়াবিদ এবং 225,000 এর বেশি দর্শক উপস্থিত হবে বলে আশা করা যাচ্ছে, তাই এই ইভেন্টটি রচেস্টারকে শুধু বিশ্বের দরবারে উপস্থাপন করবে না বরং সম্পূর্ণ ফিঙ্গার লেকস অঞ্চলের জন্য একটি অর্থনৈতিক উত্থান প্রদান করবে। নিউ ইয়র্কের অনবদ্য প্রাকৃতিক সৌন্দর্য এবং প্রাণবন্ত স্থানীয় ব্যবসার অভিজ্ঞতা গ্রহণের জন্য এবং আমাদের টেস্ট NY (Taste NY) এবং আই লাভ NY (I LOVE NY) কিয়স্কগুলিতে গিয়ে আমাদের স্টেটে যা কিছু আছে সব সম্পর্কে আরো জানার জন্য বিশ্বের বিভিন্ন স্থান থেকে গলফ সম্পর্কে আগ্রহীদেরকে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত।"

পাশাপাশি, ফার্মিংডেলের বেথপেজ স্টেট পার্কে (Bethpage State Park) অনুষ্ঠিতব্য 45তম রাইডার কাপ (Ryder Cup) দিয়ে 2025 সালেও আমেরিকা PGA (PGA of America) এর সাথে নিউ ইয়র্ক স্টেটের অংশীদারিত্ব অব্যাহত থাকবে।

আমেরিকা PGA চ্যাম্পিয়নশিপের পরিচালক ব্রায়ান কার্নস বলেন, "নিউ ইয়র্ক স্টেটে আমেরিকা PGA চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হওয়ার দুর্দান্ত লিগেসি অব্যাহত রাখার আরেকটি সুযোগ পেয়ে আমরা অত্যন্ত খুশি। আমরা আমাদের অতীতের মাধ্যমে সংযুক্ত, যেহেতু 1916 সালে নিউ ইয়র্ক সিটিতে PGA প্রতিষ্ঠিত হয়েছিলো; আমাদের বর্তমান দ্বারা সংযুক্ত, যেহেতু এই সপ্তাহে আমরা এম্পায়ার স্টেটে 13তম PGA চ্যাম্পিয়নশিপের আয়োজন করছি; এবং ভবিষ্যৎ দ্বারা সংযুক্ত যেহেতু লং আইল্যান্ড গলফের সর্ববৃহৎ ইভেন্ট, রাইডার কাপ আয়োজন করতে যাচ্ছে। প্রধান চ্যাম্পিয়নশিপ গলফ আয়োজন করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট একটি আদর্শ স্থাপন করেছে এবং এই সপ্তাহে যখন আমরা নিউ ইয়র্কের সেরাকে গোটা বিশ্বের সামনে উপস্থাপিত করবো তখনো এর ব্যতিক্রম হবে না।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "PGA, এর সদস্য, এবং হাজার হাজার দর্শককে এক সপ্তাহ দীর্ঘ ইভেন্টের জন্য রচেস্টারের ওক হিল কান্ট্রি ক্লাবে স্বাগত জানতে পেরে নিউ ইয়র্ক স্টেট অত্যন্ত গর্বিত। এ ধরনের বিশবিখ্যাত ইভেন্ট সমর্থন করার মাধ্যমে আমরা বিশ্বের মানুষের কাছে সুন্দর ফিঙ্গার লেকস অঞ্চলকে তুলে ধরছি, এই অঞ্চলকে অনন্য করে এমন বহু ব্যবসা, আকর্ষণ, এবং ক্র্যাফট খাদ্য ও পানীয়ের কথা জানাচ্ছি।"

টেস্ট NY এবং আই লাভ NY এর উপস্থাপিত নিউ ইয়র্ক স্টেটের স্বাদের উঠান (New York State Tasting Yard) হলো ওক হিলে একটি আউটডোর, প্যাটিও ধাঁচের খাদ্য ও পানীয়ের নমুনা উপভোগ করার একটি অভিজ্ঞতা। এখানে নিউ ইয়র্ক স্টেটের কৃষির সেরা সকল কিছু থাকবে, নিউ ইয়র্ক স্টেটের 100 এর বেশি ওয়াইনারি, ক্র্যাফট ব্রিউয়ারি, সাইডারি, মিডারি, ডিস্টিলিয়ারি এবং খাদ্য উৎপাদনকারীদের পণ্য ও পানীয়ের একটি আবর্তনকারী ব্যাপ্তি থাকবে এবং এখানে স্টেটের বিশ্বমানের আকর্ষণ ও গন্তব্য তুলে ধরা হবে। অভিজ্ঞতাটি চ্যাম্পিয়নশিপের দর্শকদেরকে নিউ ইয়র্কের বিশ্বমানের কৃষি পণ্য ও কুইজিনের একটি স্বাদ দিবে, এবং পুরো স্টেটের খামার, ভাইনইয়ার্ড, ক্র্যাফট ব্রিউয়ারি এবং আকর্ষণসমূহের বৈচিত্র্যের একটি ঝলক দেখাবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "এই বছর রচেস্টারের PGA চ্যাম্পিয়নশিপে নিউ ইয়র্ক কৃষির অসাধারণ নিদর্শন প্রদর্শন করার জন্য আমরা অতি উৎসুক। আমেরিকা PGA, আই লাভ NY, এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের এর সাথে আমাদের বলিষ্ঠ অংশীদারিত্বের কারণে নিউ ইয়র্ক স্টেটের স্বাদের উঠান নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কের বৈচিত্র্যময়, সুস্বাদু খাদ্য ও পানীয় দেশের শীর্ষ টুর্নামেন্টগুলির একটির একদম সম্মুখসারির কেন্দ্রে থাকে, যার ফলে আমাদের উৎপাদনকারীগণ বিশ্বের বিভিন্ন স্থান থেকে আগত হাজার হাজার মানুষের সাথে সংযুক্ত হওয়ার একটি সুযোগ পাবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন, "PGA চ্যাম্পিয়নশিপের জন্য গলফার ও ভক্তরা ফিঙ্গার লেকসে জমায়েত হবে, তখন দর্শকদেরকে অঞ্চল ও পুরো স্টেটের দারুণ আকর্ষণ, যেমন বিশ্বমানের গলফ কোর্স, ছবির মতো সুন্দর আউটডোর বিনোদন, এবং দুর্দান্ত ক্রীড়া হল অফ ফেমগুলির ব্যাপারে আরো জানানোর জন্য আই লাভ NY ওক হিল কান্ট্রি ক্লাবে উপস্থিত থাকবে। ভ্রমণকারীরা যাতে তাদের কী পছন্দ তা খুঁজে নিতে পারে তার জন্য গলফের চারটি প্রধান টুর্নামেন্টের একটি হিসেবে PGA চ্যাম্পিয়নশিপ নিউ ইয়র্ক স্টেটকে ভ্রমণের গন্তব্য করে এমন আকর্ষণ, খাদ্য ও পানীয় তুলে ধরবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাদের উঠানে থাকবে 100 এর বেশি নিউ ইয়র্ক স্টেট খাদ্য ও পানীয় উৎপাদনকারীদের তাজা, অনন্য পণ্য, যেমন ক্র্যাফট বিয়ার ও স্পিরিট, ওয়াইন, প্যাকেটজাত হালকা খাবার, সালসা, মিষ্টান্ন, এবং এনার্জি বার। স্বাদের উঠানের ছবি এখানে উপলভ্য আছে। স্বাদের উঠানে রয়েছে একাধিক নিবেদিত স্থান ও প্রচারণা যা দর্শকদের নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও পর্যটনের সকল কিছুর সঙ্গে জড়িত করবে। এর মধ্যে রয়েছে:

- **টেস্ট NY টেস্টিনং বার** নিউ ইয়র্ক স্টেটের উৎপাদনকারীদের থেকে খাদ্য ও পানীয়ের যমুনার একটি আবর্তিত নির্বাচন প্রদর্শন করে।
- **আই লাভ NY লাউঞ্জ**, যেখানে অতিথিরা নিউ ইয়র্ক স্টেটের আকর্ষণ সম্পর্কে জানার সময় নমুনা উপভোগ করতে পারবে এবং আই লাভ NY স্যুভেনির সংগ্রহ করতে পারবে।
- **আই লাভ NY ফটো কিয়স্ক**, যেখানে অতিথিগণ আইকনিক আই লাভ NY লোগোসহ একটি ভাস্কর্যের সামনে দাঁড়িয়ে ছবি তোলার সুযোগ পাবে এবং একটি আই লাভ NY এবং PGA থিমের ডিজিটাল পোস্টকার্ড পাবে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাদের উঠান খোলা থাকবে 15-17 মে, সকাল 9:00টা থেকে সন্ধ্যা 6:30টা পর্যন্ত, 18-20 মে, সকাল 9:00টা থেকে সন্ধ্যা 7:00টা পর্যন্ত, এবং 21 মে সকাল 9:00টা থেকে সন্ধ্যা 6:00টা পর্যন্ত। অংশগ্রহণকারী উৎপাদনকারীদের একটি সময়সূচি এখানে উপলভ্য আছে।

নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় খাদ্য, স্থানীয় পানীয় কর্মসূচির ফ্ল্যাগশিপ, টেস্ট NY এই বছর 10 বছর পূর্তি করবে। এর আগে এই বছরে, গভর্নর হোকল ঘোষণা করেন যে 2013 সালে সূচনার পর থেকে টেস্ট NY উল্লেখযোগ্য পরিমাণ প্রবৃদ্ধি করেছে, কর্মসূচির 10 বছর সময়কাল ধরে নিউ ইয়র্ক স্টেটের উৎপাদনকারীদের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক প্রভাব নিয়ে এসেছে। গত এক দশক হডোরে, টেস্ট NY একাধিক মুখ্য ক্রীড়া ভেন্যুর সাথে অংশীদারিত্ব করেছেন এবং PGA চ্যাম্পিয়নশিপসহ প্রধান প্রধান ক্রীড়া ইভেন্টে টেস্ট NY এর পণ্য নেওয়ার জন্য অনেক হাই প্রোফাইল ইভেন্ট

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (New York State Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসিড বলেন, "বিগত পাঁচ বছরের মধ্যে দুইবার এই প্রধান চ্যাম্পিয়নশিপটি আয়োজন

করতে পারা নিউ ইয়র্ক স্টেটের জন্য গর্বের একটি উৎস।আমাদের স্টেটের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ভক্ত ও খেলোয়াড়েরা দারুণ সব কোর্স খুঁজে পেয়েছে।আমরা বেথপেজ স্টেট পার্কে 2025 রাইডার কাপ আয়োজন করতে যাচ্ছি ফলে আমেরিকা PGA এর সাথে আমাদের এই অব্যাহত অংশীদারিত্ব নিয়ে আমরা অতি আনন্দিত।"

স্টেটের সিনেটর জেরেমি কুনি বলেন, "PGA চ্যাম্পিয়নশিপের জন্য ক্রীড়া বিশ্বের নজর থাকবে গ্রেটার রচেস্টার অঞ্চলের উপর। 18 হোলের বাইরেও আমরা প্রদর্শন করবো যে কেন ফিঙ্গার লেকস অঞ্চল এবং এর বিশ্বমানের ইউনিভার্সিটি ও ব্যবসায়িক সম্প্রদায় বিনিয়োগের জন্য তৈরি আছে এবং কীভাবে এটি ইতিমধ্যেই নিউ ইয়র্কের উদ্ভাবনী অর্থনীতির একটি সমৃদ্ধ অংশ হয়ে উঠেছে।"

স্টেটের অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "PGA অংশীদারিত্ব মনরো কাউন্টিতে নজিরবিহীন পরিমাণ অর্থনৈতিক বিনিয়োগ এবং প্রবৃদ্ধি নিয়ে আসে, এবং ব্যাপক ব্যাপ্তির এই সম্প্রদায়ের প্রভাব বলে শেষ করা যাবে না। আমাদের ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। ফিঙ্গার লেকস অঞ্চলটি হলো স্বাধীন মালিকানাধীন বার, রেস্তোরা, দোকান ইত্যাদির বৈচিত্র্যময় একটি ব্যাপ্তির কেন্দ্র, এবং PGA চ্যাম্পিয়নশিপের কারণে তারা মুনাফায় একটি উল্লেখযোগ্য অন্তঃপ্রবাহ উপভোগ করবে। এছাড়া PGA চ্যাম্পিয়নশিপ আমাদের অঞ্চলে যে দারুণ সব ঘটনা ঘটছে তার দিকে আন্তর্জাতিক মনোযোগ আকর্ষণ করে এবং সকল আকারের কোম্পানিগুলিকে রচেস্টার ও আশেপাশের সম্প্রদায়সমূহে বিনিয়োগ করার জন্য উৎসাহিত করে।"

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "PGA চ্যাম্পিয়নশিপ শুধু একটি প্রধান গলফ ইভেন্ট নয়; এটি আমাদের অঞ্চলের জন্য উল্লেখযোগ্য একটি অর্থনৈতিক উত্থানও। আমাদের হোটেল, রেস্তোরা, সাংস্কৃতিক আকর্ষণ ও ক্ষুদ্র ব্যবসা অনেক মাসের প্রস্তুতি গ্রহণ করেছে, এবং আমরা এখন বিশ্বমানের টুর্নামেন্টটি আয়োজন করা এবং আমাদের দর্শকদের মনরো কাউন্টিতে স্বাগত জানানোর জন্য একদম তৈরি। চতুর্থবারের মতো ওক হিল কান্ট্রি ক্লাবে ফেরত আসার জন্য এবং মনরো কাউন্টি কেন বসবাস, কাজ ও বেড়ানোর জন্য দারুণ একটি স্থান তা বিশ্বকে দেখানোর আরেকটি সুযোগের জন্য আমেরিকা PGA এর প্রতি আমরা কৃতজ্ঞ।"

গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা বব ডাফি বলেন, "ওক হিল কান্ট্রি ক্লাবে 2023 PGA চ্যাম্পিয়নশিপ হলো সুন্দর ফিঙ্গার লেকস ওয়াইন অঞ্চলের কেন্দ্রে অবস্থিত গ্রেটার রচেস্টারকে তুলে ধরার দুর্দান্ত একটি সুযোগ। আমাদের এলাকাকে প্রদর্শন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের স্বাদের উঠানের থেকে ভালো আরো কোনও উপায় নেই, এটি 225,000 এর বেশি দর্শককে আমাদের বিশ্বমানের খামার, ওয়াইনারি, ব্রিউয়ারি, ডিস্টিলিয়ারি, এবং অন্যান্য কৃষি প্রতিষ্ঠানের পণ্য উপভোগ করার একটি সুযোগ প্রদান করবে। দারুণ ও প্রভাবশালী এই ইভেন্টটি সমর্থন করার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং বিশ্বের সকল স্থান থেকে দর্শক ও দর্শনার্থীদের স্বাগত জানানোর জন্য আমরা উন্মুখ।"

গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের (Greater Rochester Enterprise) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ম্যাট হার্লবাট বলেন, "2023 PGA চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতার জন্য গলফের চ্যাম্পিয়নগণ আরেকবার ওক হিল কান্ট্রি ক্লাবে আসবে, এবং দেশের ব্যবসায়িক প্রবৃদ্ধি ও উদ্ভাবনের শীর্ষতালিকায় NY এর গ্রেটার রচেস্টার অঞ্চল উপরের দিকে অবস্থান করছে। দ্য কোকা কোলা কোম্পানি, কন্সটেলেশন ব্র্যান্ডস, HP হুড, এবং ওয়েগম্যান্সের মতো উচ্চ প্রযুক্তির খাদ্য ও পানীয় প্রস্তুতকারক কোম্পানি রচেস্টারে বিকশিত হচ্ছে। প্রতিভা, প্রযুক্তিগত উদ্ভাবন এবং উদ্যোক্তার চেতনার মতো সম্পদ কোম্পানিগুলিকে এখানে বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টি করতে উৎসাহিত করে। নিউ ইয়র্কের রচেস্টার কেন চ্যাম্পিয়নশিপ পর্যায়ের গলফ, এবং সেই সাথে স্থানীয়, অত্যন্ত দক্ষ কর্মীবাহিনীকে কাজে লাগানোর জন্য ব্যবসার বিকাশের সঠিক স্থান তার পেছনের অগণিত কারণের উপর প্রধান এই টুর্নামেন্টটি আন্তর্জাতিক স্পটলাইট ফেলবে।"

ভিজিট রচেস্টারের (Visit Rochester) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডন জেফেরিস বলেন, "PGA চ্যাম্পিয়নশিপ হলো বিশ্বমানের একটি ইভেন্ট যা রচেস্টার ও নিউ ইয়র্ক স্টেটের উপর একটি স্পটলাইট ফেলবে। এই ইভেন্টটি রচেস্টারে শুধু হাজার হাজার দর্শক আনবে না, বরং আমাদের অঞ্চলের জন্য প্রায় 200 মিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক প্রভাব ও অর্থ ব্যয় সৃষ্টি করবে। এই ইভেন্ট এবং সামগ্রিক পর্যটন শিল্পখাতে তার সমর্থনের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

জিনেসি ভ্যালির আঞ্চলিক বাজার কর্তৃপক্ষের (Genesee Valley Regional Market Authority) প্রশাসক ব্রেন্ডন টাইডিংস বলেন, "নিউ ইয়র্কের কৃষির ব্যাপারে গর্ব করার অনেক কিছু আছে, এবং PGA চ্যাম্পিয়নশিপে নিউ ইয়র্ক স্টেটের স্বাদের উঠান তা তুলে ধরার দারুণ একটি উপায়। এই অঞ্চলের যা দেওয়ার আছে তা তুলে ধরা এবং অনেক দারুণ, স্থানীয় পণ্যের উপর আলোকপাত করার জন্য আমরা টেস্ট NY এবং কৃষি ও বাজার বিভাগকে (Department of Agriculture and Markets) ধন্যবাদ জানাচ্ছি। আমাদের স্থানীয় উৎপাদকদের আবেগ ও প্রতিশ্রুতি সত্যিই প্রেরণাদায়ক এবং তাদের পণ্যে এর প্রতিফলন ঘটে। এছাড়াও হাজার হাজার মানুষের কাছে পৌঁছানোর জন্য আমাদেরকে একটি প্ল্যাটফর্ম দেওয়ার জন্য ওক হিল ও PGA ট্যুরকে ধন্যবাদ। আমরা আত্মবিশ্বাসী যে কাছে ও দূরে থেকে এখানে আসা সকলেরই টেস্ট NY এর পণ্য পছন্দ হবে এবং আমরা আশা করছি যে সকলে নিউ ইয়র্কে তৈরি পণ্য সমর্থন করা অব্যাহত রাখবে।"

ফিঙ্গার লেকস স্বাগত কেন্দ্রের (Finger Lakes Welcome Center) বাজার ব্যবস্থাপক জেনিফার কিমে বলেন, "টেস্ট NY কর্মসূচিটির PGA ট্যুরের অংশ হওয়া আমাদের স্টেটব্যাপী বিক্রেতাদের জন্য দারুণ একটি সুযোগ। এর ফলে নিউ ইয়র্ক স্টেট ক্র্যাফট বিয়ার থেকে শুরু করে, পনির, কফি, চকলেট, এবং আমাদের অঞ্চলসমূহের এমন আরো অনেক কিছু প্রচার করতে পারে! আমাদের বিক্রেতাদের এই ইভেন্টে অংশগ্রহণ করতে দেওয়ার ফলে তারা দারুণ একটি বিশ্বব্যাপী প্রকাশ পাওয়ার সুযোগ পাবে এবং সম্পূর্ণ নতুন ক্রেতার কাছে পৌঁছানোর সম্ভাবনা থাকবে। আমরা আশা করছি যে সকলের কাছে NY এর স্বাদ গ্রহণের সুযোগ থাকবে এবং সকল ক্রীড়াবিদের জন্য শুভ কামনা রইলো।"

2023 PGA চ্যাম্পিয়নশিপের অর্থনৈতিক প্রভাব সম্পর্কে আরো তথ্যের জন্য এখানে যান।

PGA চ্যাম্পিয়নশিপ সম্পর্কে
প্রতি মে মাসে আয়োজিত হওয়া PGA চ্যাম্পিয়নশিপ হলো গলফের বার্ষিক পরিক্রমার দ্বিতীয় প্রধান চ্যাম্পিয়নশিপ, এবং আনুষ্ঠানিক বিশ্ব গলফ র‍্যাঙ্কিং (Official World Golf Rankings) অনুযায়ী বহু বছর ধরে এটি পুরুষের ক্রীড়ার সবথেকে শক্তিশালী ক্ষেত্র হয়ে আছে। নাটকীয় সমাপ্তি এবং উল্লেখযোগ্য চ্যাম্পিয়নদের জন্য পরিচিত, 1916 সাল থেকেই বিজয়ীদের পুরস্কার হিসেবে প্রদানকৃত ওয়ানামেকার ট্রফিতে কোয়েপকা, ম্যাকলরি, উডস, মিকেলসন, নিক্লাউস, এবং প্লেয়ারের মতো নাম খোদাই করা আছে। পেশাদারদের আয়োজিত পেশাদারদের জন্য একমাত্র প্রধান চ্যাম্পিয়নশিপ হিসেবে PGA চ্যাম্পিয়নশিপ সাহসিকতার সাথে আমাদের ক্রীড়ার ভবিষ্যৎকে প্রভাবিত করে, গলফের প্রধানতম ক্রীড়াবিদদের চ্যালেঞ্জ করে আমাদের সকলের গলফার চেতনাকে অনুপ্রাণিত করে এবং ক্রীড়াটির মেরুদণ্ড, PGA পেশাদারদের তুলে ধরে।

টেস্ট NY সম্পর্কে
টেস্ট NY নিউ ইয়র্ক স্টেটে ফলানো, উৎপন্ন, বা প্রক্রিয়াজাতকৃত খাদ্য ও পানীয়ের মান, বৈচিত্র্য, এবং অর্থনৈতিক প্রভাবের উপর আলোকপাত করে। টেস্ট NY-এর লক্ষ্য হলো ইভেন্ট, খুচরা দোকানের জায়গা, ও অংশীদারিত্বের মাধ্যমে উৎপাদকদের জন্য নতুন সুযোগ-সুবিধা তৈরি করা, যেমন গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে এবং বেথপেজ স্টেট পার্কে বারক্লেস টুর্নামেন্টে। গত 10 বছরে, টেস্ট NY এই কর্মসূচিতে অংশগ্রহণকারী আনুমানিক 2,000 খাদ্য ও পানীয় উৎপাদককে খুচরা বিক্রয়ের আউটলেট, ইভেন্ট, ও স্পন্সরশিপের মাধ্যমে সহায়তা করেছে। 2022 সালে, নিউ ইয়র্কের ওয়েলকাম সেন্টারগুলোর মাধ্যমে 311 জন নতুন উৎপাদক এই কর্মসূচিতে যুক্ত হয়েছেন। এছাড়া টেস্ট NY-এর খাদ্য ও পানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিজেদের পণ্যে নিউ ইয়র্কে চাষকৃত ও উৎপাদিত উপাদানগুলো ব্যবহার করার মাধ্যমে স্টেটের কৃষকদেরকে সহায়তা করে থাকে।

নিউ ইয়র্ক স্টেট সম্পর্কে
বিশ্বমানের আকর্ষণ, ছবির মতো সুন্দর প্রাকৃতিক সৌন্দর্য, স্থানীয় উৎসের কুইজিন এবং একটি সফল ক্র্যাফট পানীয়ের স্থান, এবং বছর জুড়ে হতে থাকা আইকনিক উৎসব ও ইভেন্ট নিয়ে নিউ ইয়র্ক স্টেট হলো একটি শীর্ষ অবকাশ গন্তব্য। এর 11টি বৈচিত্র্যময় ভ্যাকেশন অঞ্চলের মধ্যে রয়েছে বিশ্বের তালিকার শীর্ষে থাকা সৈকতসমূহ; আমেরিকার শীর্ষ তিনটি প্রিয় স্টেট পার্কের মধ্যে দুইটি; শ্বাসরুদ্ধকর নায়াগ্রা ফলস; অন্য যেকোনও স্টেটের থেকে আরো বেশি স্কি এলাকা; দেশের দীর্ঘতম ফলিয়েজ মৌসুমের একটি; একাধিক হলস অফ ফেম; উত্তর আমেরিকার দীর্ঘতম, দ্রুততম এবং সবথেকে উঁচু জিপলাইন; মার্কিন যুক্তরাষ্ট্র ও সংলগ্ন এলাকার সর্ববৃহৎ সরকারিভাবে সুরক্ষিত এলাকা; এবং দেশের দীর্ঘতম বহু ব্যবহারের ট্রেইল। এর সাথে যোগ করুন স্টেটের অনন্য জাদুঘর, ঐতিহাসিক ল্যান্ডমার্ক, সাংস্কৃতিক সাইট, মনোমুগ্ধকারী ছোট টাউন এবং শহুরে খেলার মাঠ, আর তাই এটি কোনও বিস্ময়ের ব্যাপার নয় যে নিউ ইয়র্ক ধারাবাহিকভাবে ভ্রমণ প্রকাশনী ও বিশেষজ্ঞদের দ্বারা বেড়াতে আসার সেরা একটি স্থান হিসেবে নির্বাচিত হয়ে থাকে। নিউ ইয়র্ক স্টেটে আপনার পরবর্তী ছুটি কাটানোর পরিকল্পনা করার ক্ষেত্রে সাহায্যের জন্য, অনুগ্রহ করে www.iloveny.com ওয়েবসাইটে যান।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY" ("I LOVE NY") এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন